

①

দৈনিক ইকবিল্বাব

জরিখ ১৯৫৭

পৃষ্ঠা... ৫... ৫

৭১ জন আহত

# বিভিন্ন কলেজ ছাত্র সংসদ নির্বাচনে বোমাবাজি গোলাগুলি

॥ ইনকিলাব রিপোর্ট ॥

গতকাল ঢাকা, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, নরসিংদী, টঙ্গী ও কুমিল্লাসহ দেশের বিভিন্ন স্থানে কলেজ ছাত্র সংসদের নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। একই দিনে অনুষ্ঠিত এসব কলেজ সংসদের নির্বাচন চলাকালে কোন কোন স্থানে ব্যাপক বোমাবাজি, মারামারি, এমন কি গোলাগুলি পর্যন্ত হয়েছে। এসব ঘটনায় গতরাতে এ রিপোর্ট লেখার সময় পর্যন্ত ৭১ জন আহত হয়েছেন। তন্মধ্যে ৬ জনের অবস্থা মারাত্মক বলে জানা গেছে। গতকাল রাজধানীতে ইডেন কলেজ ও মোহাম্মদপুর কেন্দ্রীয় কলেজের নির্বাচন

অনুষ্ঠিত হয়। মোহাম্মদপুর কলেজে জাতীয় ছাত্র সমাজের প্যানেল জয়ী হয়েছে। ওদিকে ইডেনের ফলাফল গতরাত ১২টা পর্যন্ত পাওয়া যায়নি। নরসিংদী কলেজ ব্যাপক বোমাবাজি ও গুলীবর্ষণের মধ্য দিয়ে গতকাল নরসিংদী সরকারী কলেজের ছাত্র সংসদের নির্বাচন সমাপ্ত হয়। গত সোমবার রাত ১২টায় একটি ছাত্র সংগঠন কলেজ এলাকায় প্রবেশ করে গতকাল সকাল ৯ টা পর্যন্ত দখলে রাখে। পরবর্তীতে আরেকটি ছাত্র সংগঠন শেষ পর্বে ৫-এর কক্ষে দেখন

মারাত্মক অবস্থায় সাজ্জত হয়ে কলেজ এলাকায় প্রবেশ করলে দু'দলে সংঘর্ষ বাধে। এতে উভয় সংগঠন কাটা রইফেল, স্টেনগান, পাইপগান, পিস্তল ব্যবহার করে। সংঘর্ষে ৫০ জন আহত হয়েছে। এদের মধ্যে ৬ জনের অবস্থা গুরুতর। উল্লেখ্য, ছাত্র সংসদ নির্বাচনে জাতীয়তাবাদী ছাত্র দলের প্যানেল (চঞ্চল-কামাল) বিজয় লাভ করে। জাতীয় ছাত্র সমাজ এ নির্বাচন বাতিলের দাবী জানিয়েছে।

**হরগঙ্গা কলেজ**  
ব্যাপক বোমাবাজি ও ব্যালট বাস ছিনতাইয়ের ফলে মুন্সিগঞ্জ হরগঙ্গা সরকারী কলেজ ছাত্র সংসদ নির্বাচন পণ্ড হয়ে যায়।

সকাল ৯টায় কলেজ প্রাঙ্গণে জাতীয় ছাত্র সমাজ ও জাতীয়তাবাদী ছাত্র দলের সমর্থকদের মধ্যে এক সংঘর্ষে কমপক্ষে ১০ জন আহত হয়েছে। আহতদের মুন্সিগঞ্জ সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

সংঘর্ষের এক পর্যায়ে ব্যালট বাস ছিনতাই হলে কলেজের প্রিন্সিপাল নির্বাচন বন্ধ ঘোষণা করেন।

**তোলারাম কলেজ**  
গতকাল নারায়ণগঞ্জ তোলারাম কলেজের ছাত্র সংসদ নির্বাচনে একটি ছাত্র সংগঠনের কর্মীরা ৮/১০টি ককটেল বিস্ফোরণ ঘটালে ১ জন পুলিশ সার্জেন্ট, ২ জন কনস্টেবল ও ১১ জন ছাত্র আহত হয়। আহত কনস্টেবল আবদুল করিমের অবস্থা গুরুতর। নির্বাচনে ছাত্রলীগ (সু-র) সমর্থিত বাদল-আজ্জার পরিষদ বিজয় অর্জন করে।  
সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট ও বাংলাদেশ ছাত্র ইউনিয়ন নির্বাচন সৃষ্টি ও নিরপেক্ষভাবে অনুষ্ঠিত হয়নি বলে অভিযোগ করেছে।

জাতীয় ছাত্র সমাজ কেন্দ্রীয় কমিটি এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানায় যে, দেশের বিভিন্ন কলেজ ছাত্র সংসদ নির্বাচনে জাতীয় ছাত্র সমাজ মনোনীত পরিষদ নির্বাচিত হয়েছে।

এরা হলেন— ঢাকার আদর্শ কলেজে মোস্তাক-মুজাহিদ পরিষদ, মোহাম্মদপুর কেন্দ্রীয় কলেজে শাহীন-মাহবুব পরিষদ, হাবিবুল্লাহ বাহার কলেজে রাজু-মঞ্জু পরিষদ।

এছাড়াও কুমিল্লার অজিতগুহ কলেজ ও মানিকগঞ্জের কেরী কলেজে জাতীয় ছাত্র সমাজ পূর্ণ প্যানেলে নির্বাচিত হয়েছে।

**কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদ**  
নাজমুল হক প্রধান স্বাক্ষরিত এক বিবৃতিতে কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদ নেতৃবৃন্দ বিভিন্ন কলেজে ছাত্র সংসদ নির্বাচনকে কেন্দ্র করে জাতীয় ছাত্র সমাজের বিরুদ্ধে সন্ত্রাস সৃষ্টির অভিযোগ করেছেন। অপর এক বিবৃতিতে ছাত্র লীগ (মু-না) সভাপতি মুশতাক হোসেন ও সাধারণ সম্পাদক নাজমুল হক প্রধান সন্ত্রাসের নিন্দা করেছেন।

**সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট**  
সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের সভাপতি মোস্তফা ফারুক ও সাধারণ সম্পাদক আশরাফুল হক মুকুল এক বিবৃতিতে গতকাল মঙ্গলবার অনুষ্ঠিত নারায়ণগঞ্জের তোলারাম কলেজ ছাত্র সংসদ নির্বাচনের ফলাফল বাতিলের দাবী জানিয়েছেন। বিবৃতিতে তারা বলেন, নির্বাচনের নামে সেখানে প্রহসন হয়েছে। অস্বাভাবিক জাতীয় ছাত্র সমাজ কর্মীরা ভোট কেন্দ্র দখল করে নিয়েছে।

**ছাত্রলীগ (শা-সা)**  
ছাত্রলীগ (শা-সা) সভাপতি শাহাবউদ্দিন ও সাধারণ সম্পাদক সাইদুল ইসলাম এক বিবৃতিতে বিভিন্ন কলেজে ছাত্র সংসদ নির্বাচনকে কেন্দ্র করে সৃষ্ট সন্ত্রাসের তীব্র নিন্দা করেছেন।